

বর্ষা

বর্ষা এল আকাশ জুড়ে
ঘন মেঘের খেলা।
ঝম ঝমিয়ে বৃষ্টি এল,
তখন বিকেল বেলা।
ঢং ঢং ঢং বিদ্যালয়ে
ছুটির ঘন্টা বাজে,
রাস্তায় আজ এক হাঁটু জল
সাঁতার জানি না যে।
রাস্তায় আজ নাইকো গাড়ি
নৌকা চলে ধীরে
নৌকা চড়ে, ভিজে ভিজে
বাড়ি এলাম ফিরে।
মা বললে, ‘বোকা ছেলে,
বুদ্ধিটা তোর বেশি।
বৃষ্টিতে যে ভিজে এলি
এবার হবে কাশী।’
তোমরা বল মাকে আমি,
বোঝাই কেমন করে?
এই জলেতে নৌকা ছাড়া
কী করে ফিরব ঘরে?
তোমরা বল আমি হলাম

আবোল তাবোল কবি,
নালা এত কলকাতাতে,
বর্ষাকালের ছবি।।

শ্রীজিৎ শীল
অষ্টম শ্রেণী

আকাশ ভ্রমণ

গিয়েছিলাম দিদির বাড়ি
উড়োজাহাজ করে,
কি ভালই না লাগলো আমার
মেঘের উপর চড়ে।

চারিদিকে নীল সাদা সব
মেঘের আনাগোনা,
তার মাঝেতে চলছে জাহাজ
মেলে তার দুই ডানা।

ময়ূখ সেনগুপ্ত

তৃতীয় শ্রেণী